

বনিকবার্তা

শুক্রবার, মে ১০, ২০২৪ ■ বৈশাখ ২৭, ১৪৩১



এনএসইউতে তরুণদের কর্মসংস্থান এবং পেশাগত জীবনে সম্ভাবনা বিষয়ক সংলাপ

নর্থ সাউথ ইউনিভার্সিটির নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে সম্প্রতি 'অর্থনীতি ও উন্নয়ন শিক্ষায় ডিগ্রিধারী তরুণ-তরুণীদের কর্মসংস্থান এবং পেশাগত জীবনে নানামুখী সম্ভাবনা' বিষয়ক একটি সংলাপ অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানের মূল বক্তা ছিলেন যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব রেডিংয়ের ভিজিটিং প্রফেসর এবং নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের প্রফেসরিয়াল ফেলো ড. নিয়াজ আসাদুল্লাহ। আরো ছিলেন বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান ড. আসাদ করিম খান প্রিয়সহ অন্যরা।